

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭১৯(আগরতলা, ১৪।১১)

খোয়াই, ১৪ নভেম্বর, ২০১৭

**খোয়াই মহকুমা আন্তঃ বিদ্যালয়
নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত**

জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ স্থানীয় টাউন হলে খোয়াই মহকুমা ভিত্তিক আন্তঃবিদ্যালয় নাট্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সহকারী সভাপতি বিদ্যুৎ ভট্টাচার্য। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, সুস্থ সংস্কৃতির বিকাশ ও প্রসারে রাজ্য সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্বাগত ভাষণ রাখেন বরিশত তথ্য আধিকারিক রিপন চাকমা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব মনমোহন ঘোষ সহ বিশিষ্ট জনেরা। নাট্য প্রতিযোগিতায় বিভিন্ন বিদ্যালয়ের ৫টি নাট্যদল অংশ নেয়। সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুরা সেনগুপ্ত।

This document is a watermark. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com